আজকের কাগজ

তারিখ 04 DEC 1992
পৃষ্ঠা ... ৫ ... কলাম ... ৩ ...

31

# সাভার কলেজে ছাত্রদল–ছাত্রলীগ সংঘর্ষ আহত ১৫

**সাভার থেকে জাহিদুর রহমান ঃ** গতকাল বৃহস্পতিবার দুপুর ১২টায় সাভার কলেজ চত্বরে পূর্ব ঘটনার জের হিসেবে দু'দল ছাত্রের মধ্যে এক রক্তক্ষয়ী সংঘর্ষে উভয়পক্ষের ১৫ জন আহত হয়েছে।

আহতদের ৪ জনের অবস্থা গুরুতর। প্রত্যক্ষদর্শীর বিবরণ থেকে জানা যায়, গত বুধবার দুপুর ২টায় ছাত্রদলের জনৈক কর্মীকে কলেজের বাইরে কয়েকজন ছাত্র মারধর করে। গতকাল বৃহস্পতিবার এ ঘটনার জের হিসেবে কলেজের ছাত্রলীগ ও ছাত্রদল কর্মীদের মধ্যে ধাওয়া-পাল্টা ধাওয়া এবং সংঘর্ষ হয়। এই সংঘর্ষে কাটা রাইফেলসহ আগ্নেয়াস্ত্র ব্যবহৃত হয় বলে জানা যায়। সংঘর্ষে সাত আট রাউন্ড গুলিবর্ষিত হয়েছে। এতে ছাত্র-ছাত্রী ও শিক্ষক-শিক্ষিকাদের মধ্যে আতংক ছড়িয়ে পড়লে তারা দিগ্বিদিক ছোটাছুটি করতে থাকে। তবে কেউ গুলিবিদ্ধ হয়নি। সংঘর্ষে সামান্য আহতদের প্রাথমিক চিকিৎসার পর ছেড়ে দেয়া হয়। গুরুতর আহতদের ২ জনকে সরকারি হাসপাতাল বাকি দু'জনকে বেসরকারি ক্লিনিকে ভর্তি করা হয়েছে। এ ঘটনার জন্যে ছাত্রলীগ ও ছাত্রদলকে পরস্পরকে দায়ী করেছে। এ ঘটনার প্রতিবাদে সাভার থানা ছাত্রলীগ বিক্ষোভ মিছিল বের ও সাভার থানার নির্বাহী কর্মকর্তার কাছে স্মারকলিপি দিয়েছে।